

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

(শুষ্ক)

আদেশ

ঢাকাঃ ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাংলা। ২৮শে জুলাই, ১৯৯৬ ইংরেজী।

এস.আর.ও. নং ১২৪-আইন/৯৬/১৬৭৬ শুষ্ক।— Customs Act, 1969 (IV of 1969) এর section 21(b) তে প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (১) এর Heading No. 04.07 এর বিপরীতে উলিখিত কলাম (২) এ বিধৃত ¹H.S. Code Nos. 0407.00.10 এবং 0407.00.20 এর আওতাধীন Hatching eggs কে উহার উপর আরোপণীয় শুল্কের যে পরিমাণ শুল্ক মূল্যভিত্তিক ^২[১৫%] এর অধিক হয় সেই পরিমাণ শুল্ক পরিশোধ ব্যতিরেকে নিম্নবর্ণিত শর্তে খালাস করার অনুমতি প্রদান করিল, যথাঃ—

- (ক) উক্ত Hatching eggs হাঁস-মুরগীর বাচ্চা উৎপাদনের জন্য বিশেষভাবে উপযোগী এবং এই উদ্দেশ্যে বিশেষভাবে নির্দিষ্টকৃত মর্মে সংশ্লিষ্ট রপ্তানিকারী দেশের পোল্ট্রি বিশেষজ্ঞ সংস্থার নিকট হইতে প্রত্যয়নপত্র এবং সংশ্লিষ্ট আমদানিকারক হ্যাচারী/পোল্ট্রি শিল্প হিসাবে বাংলাদেশে যে নিবন্ধিত ইহার স্বপক্ষে নিবন্ধন সনদপত্র সংগ্রহ করিয়া আমদানি দলিলের সহিত সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিতে হইবে;
- (খ) উক্ত Hatching eggs এর প্রতিটির মূল্য ছয় টাকার কম হইবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষর/-

(মো: ফিরোজ শাহ আলম)
দ্বিতীয় সচিব (শুষ্ক)।

¹ এসআরও নং ১৬৭-আইন/২০০৭/২১৫৮/শুষ্ক, তারিখ ২৮ জন, ২০০৭ দ্বারা সংশোধিত।

^২ এস. আর. ও ১২৬-আইন/২০০৬/২১১৮/শুষ্ক, তারিখ ৮/০৬/২০০৬ ইং দ্বারা সংশোধিত।